

## 📖 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৩৩) হজ্জ ফরজ হওয়ার দলীল কী?

হজ্জ ফরজ হওয়ার দলীল হল আল্লাহ তা'আলার বাণীঃ

وَأْتَمُوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلَّهِ

“এবং তোমরা আল্লাহর জন্য হজ্জ ও উমরা পরিপূর্ণভাবে পালন কর”। (সূরা বাকারাঃ ১৯৬) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنْ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنِ الْعَالَمِينَ

“আর আল্লাহর জন্য মানুষের উপর পবিত্র ঘরের হজ্জ করা (অবশ্য) কর্তব্য; যে লোকের সামর্থ্য রয়েছে এ পর্যন্ত পৌঁছার। আর যে লোক তা অস্বীকার করে (তাহলে সে জেনে রাখুক) আল্লাহ সারা বিশ্বের কোন কিছুই পরওয়া করেন না”। (সূরা আল-ইমরানঃ ৯৭) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(أَيُّهَا النَّاسُ قَدْ فَرَضَ اللَّهُ عَلَيْكُمُ الْحَجَّ فَحُجُّوا)

“হে লোক সকল! আল্লাহ তোমাদের উপর হজ্জ ফরজ করেছেন। সুতরাং তোমরা হজ্জ কর”। [1] এ ছাড়া হাদীছে জিবরীল এবং ইবনে উমার (রাঃ)এর বর্ণিত হাদীছেও হজ্জ ফরজ হওয়ার দলীল বিদ্যমান, যা ইতিপূর্বে উল্লেখিত হয়েছে।

### ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল হজ্জ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=2055>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন